

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮২১

৩১/ হ্রদয়-গলানো উপদেশ

পরিচ্ছেদঃ দুর্বল, গরীব ও খ্যাতিহীন মুসলিমদের মাহাত্ম্য

আরবী

وَعَنْ أَبِي عَبَّاسٍ سَهلِ بِنِ سَعدِ السَّاعِدِيِّ قَالَ : مَرَّ رَجُلٌ عَلَى النَّبِيِّ عَيَّلِيُّ فَقَالَ لِرَجُلٍ عِنْدَهُ جَالِسٌ مَا رَأَيُكَ في هٰذَا ؟ فَقَالَ : رَجُلٌ مِنْ أَشْرَافِ النَّاسِ هٰذَا وَاللهِ حَرِيُّ إِنْ خَطَبَ أَنْ يُشْفَعَ أَنْ يُشَفَّعَ فَسَكَتَ رسولُ اللهِ عَلَيْ ثُمَّ مَرَّ رَجُلُ آخَرُ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ عَلَيْ ثُمَّ مَرَّ رَجُلُ آخَرُ فَقَالَ لَهُ رَسُولُ الله هٰذَا رَجُلٌ مِنْ فُقَراءِ المُسْلِمِينَ رَسُولُ الله هٰذَا رَجُلٌ مِنْ فُقَراءِ المُسْلِمِينَ هٰذَا حَرِيُّ إِنْ خَطَبَ أَنْ لا يُنْكَحَ وَإِنْ شَفَعَ أَنْ لاَ يُشَفَعَ وَإِنْ قَالَ أَنْ لاَ يُسْمَعَ لِقَولِهِ فَقَالَ رَسُونُ الله هٰذَا مَرَّيُ إِنْ خَطَبَ أَنْ لاَ يُسْمَعَ لِقَولِهِ فَقَالَ رَسُونُ الله عَلَى اللهِ عَلِيهِ هٰذَا خَيْرٌ مِنْ مِلْءِ الأَرْضِ مِثْلَ هٰذَا مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(৩৮২১) আবু আব্বাস সাহল ইবনে সা'দ সায়েদী (রাঃ) থেকে বর্ণিত, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পাশ দিয়ে পার হয়ে গেল, তখন তিনি তাঁর নিকট উপবিষ্ট একজনকে জিজ্ঞেস করলেন, এ ব্যক্তি সম্পর্কে তোমার মন্তব্য কি?" সে বলল, 'এ ব্যক্তি তো এক সম্রান্ত পরিবারের লোক। আল্লাহর কসম! সে কোথাও বিয়ের প্রস্তাব দিলে তা গ্রহণযোগ্য হবে এবং কারো জন্য সুপারিশ করলে তা কবুল করা হবে।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নীরব থাকলেন। কিছুক্ষণের মধ্যে আর এক ব্যক্তি পার হয়ে গেল। তিনি ঐ (উপবিষ্ট) লোকটিকে বললেন, এ লোকটির ব্যাপারে তোমার অভিমত কি? সে বলল, 'হে আল্লাহর রসূল! এ তো একজন গরীব মুসলিম। সে এমন ব্যক্তি যে, সে বিয়ের প্রস্তাব দিলে তা গ্রহণযোগ্য হবে না, কারো জন্য সুপারিশ করলে তা কবুল করা হবে না এবং সে কোন কথা বললে, তার কথা শ্রবণযোগ্য হবে না।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ ব্যক্তি দুনিয়া ভর্তি ঐরূপ লোকদের চাইতে বহু উত্তম।

ফটনোট

(বুখারী ৫০৯১, ৬৪৪৭, ইবনে মাজাহ ৪১২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন